**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 17-07-2025** **Desk in Charge: SDG**
**Time: 7-50 PM** **Editor: Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল একদিনের সফরে এ'রাজ্যে আসছেন।

#একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস এবং জাতির উদ্দেশে উৎসর্গ করবেন তিনি। ভাষণ দেবেন একটি জনসভাতেও।

২/ ধর্মতলায় ভিক্টোরিয়া হাউসের সামনে শুধুমাত্র একটি দলই কেনো সভা করার অনুমতি পাবে, তা নিয়ে প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্ট।

# ২১শে জুলাই, উত্তরবঙ্গে বিজেপির মিছিল ও সমাবেশে, কলকাতা হাইকোর্ট শর্তসাপেক্ষে অনুমোদন দিয়েছে।

৩/ রাজ্যের সার্বিক ব্যর্থতা থেকে দৃষ্টি ঘোরাতেই, তৃণমূল কংগ্রেস বাঙালি-বাংলা ইস্যু তুলছে বলে, রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন।

৪/ 'সম্ভাবনাময় স্বচ্ছ শহর' হিসেবে ২০২৪-২৫ সালের 'স্বচ্ছ সর্বেক্ষণ পুরস্কার পেয়েছে হুগলির বৈদ্যবাটি।

৫/ রাজ্যে নিরাপদ ও পরিশ্রুত পানীয় জলের সরবরাহ সুনিশ্চিত করতে এশীয় উন্নয়ন ব্যাঙ্ক, ৮৬০ কোটি টাকা মঞ্জুর করেছে।

৬/ ১৩৪-তম ডুরান্ড কাপ ফুটবলের সূচনা হচ্ছে ২৩শে জুলাই ।

***********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল একদিনের সফরে রাজ্যে আসছেন। একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস এবং জাতির উদ্দেশে উৎসর্গ করবেন তিনি। পাশাপাশি অংশ নেবেন একটি জনসভাতেও। দুপুরে অন্ডাল বিমানবন্দরে পৌঁছে প্রধানমন্ত্রী সড়কপথে দুর্গাপুরের নেহরু স্টেডিয়ামে যাবেন।

এক হাজার ৯৫০ কোটি টাকার বেশী ব্যয়ে নির্মিত বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডের 'সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন' প্রকল্পের শিলান্যাস করবেন তিনি। এই প্রকল্পের মাধ্যমে বাড়ি বাড়ি পাইপবাহিত রান্নার গ্যাস সরবরাহের পাশাপাশি বাণিজ্যিক এবং শিল্প ক্ষেত্রের জন্যও PNG সংযোগ দেওয়া হবে। প্রধানমন্ত্রী, দুর্গাপুর-হলদিয়া প্রাকৃতিক গ্যাস পাইপলাইনের দুর্গাপুর থেকে কলকাতা পর্যন্ত ১৩২ কিলোমিটার দীর্ঘ অংশকে জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। আনুমানিক ১১'শ ৯০ কোটি টাকার এই প্রকল্প, পূর্ব বর্ধমান, হুগলী ও নদীয়া জেলার মধ্য দিয়ে গেছে। রেল পরিকাঠামো উন্নয়নে তিনি পুরুলিয়া-কোটশিলা রেল লাইন ডাবলিং-এর ৩৬ কিলোমিটার দীর্ঘ প্রকল্পটিও, জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। 'সেতু ভারতম' প্রকল্পের আওতায় পশ্চিম বর্ধমানের তোপশী ও পাণ্ডবেশ্বরকে যুক্ত করতে দুটি রোড ওভারব্রিজের উদ্বোধন করবেন শ্রী মোদী।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

**********************

ধর্মতলায় ভিক্টোরিয়া হাউসের সামনে শুধুমাত্র একটি দলই কেনো সভা করার অনুমতি পাবে, তা নিয়ে প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্ট। তৃণমূল কংগ্রেসের ২১শে জুলাই সভা নিয়ে দায়ের হওয়া মামলায় বিচারপতি তীর্থঙ্কর ঘোষ এই সভা নিয়ে বেশ কিছু শর্ত আরোপের ইঙ্গিত দিয়েছেন। পরের বছর কর্মসূচীর জন্য বিকল্প জায়গার খোঁজ করতে বলেন তিনি। ২১শে জুলাই-এর কর্মসূচীর জন্য ট্রাফিক নিয়ন্ত্রণ সংক্রান্ত যে সকল বিজ্ঞপ্তি পুলিশ দিয়েছে, তা' আগামীকাল আদালতে পেশ করতে বলেছেন বিচারপতি। পাশাপাশি জানাতে হবে মামলার গ্রহণযোগ্যতা নিয়ে রাজ্যের আপত্তির দিকটি।

আগামীকালই এই মামলার পরবর্তী শুনানি।

**********************

২১শে জুলাই, উত্তরবঙ্গে শুভেন্দু অধিকারীর মিছিল ও সমাবেশে, শর্তসাপেক্ষে অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। তবে, উত্তরবঙ্গের সচিবালয় 'উত্তরকন্যা'য় মিছিল বা সমাবেশ করা যাবেনা। তিনবাত্তি মোড়, চুনাভাটি মোড় হয়ে ভিডিওকন গ্রাউন্ড পর্যন্ত মিছিলের অনুমতি মিলেছে। সমাবেশ করতে হবে সেখানেই। প্রতিটি গ্রুপে ১০০ জনের বেশী মিছিল করে যাওয়া যাবেনা। তবে সভায় থাকতে পারবেন ১০ হাজার মানুষ।

'উত্তরকন্যা' অভিযানে পুলিশ অনুমতি না দেওয়ায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, হাইকোর্টের দ্বারস্থ হন। এর প্রেক্ষিতেই বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এই নির্দেশ।

**********************

রাজ্যের সার্বিক ব্যর্থতা থেকে দৃষ্টি ঘোরাতে তৃণমূল কংগ্রেস বাঙালি-বাংলা নিয়ে সরব হয়েছে বলে মন্তব্য করেন রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য। পাশাপাশি, অন্যান্য রাজ্যে করজন বাংলাদেশীকে হেনস্থা করা হয়েছে, রাজ্য সরকারের কাছে তা' শ্বেতপত্র আকারে প্রকাশ করার'ও দাবী জানিয়েছেন তিনি।

পশ্চিমবঙ্গে, শিল্পে বিনিয়গের জন্য সুনির্দিষ্ট জমি নীতি তৈরীর প্রয়োজন আছে বলে, রাজ্য বিজেপি সভাপতি মন্তব্য করেন।

( বাইট- শমীক )

**********************

সারা দেশে বাংলাভাষীদের বিভিন্নভাবে হয়রানির যে অভিযোগ উঠেছে, তার বিরুদ্ধে রাজ্য বিধানসভায় তৃণমূল সরকারের প্রস্তাব আনা উচিত ছিল বলে CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন। আজ সাংবাদিকদের কাছে তিনি বলেন, মমতা ব্যানার্জী মুখে বাঙালীদের হয়রানির কথা বললেও, ত্রাও জন্য কার্যকর কোন ব্যবস্থা গ্রহণ করছেন না।

( বাইট- সেলিম)

**********************

রাজ্যের পরিযায়ী শ্রমিকদের জন্য রাজ্য সরকারের একটি পৃথক মন্ত্রক তৈরী করার দাবী জানিয়েছেন, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

দেশের কোথায় কত পরিযায়ী শ্রমিক রয়েছেন, তার তথ্য রাজ্য সরকারের হাতে নেই বলে দাবী করেন অধীরবাবু।

**********************

রাজ্যের কলেজ বিশ্ববিদ্যালয়গুলিতে ছাত্র ইউনিয়নের নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা নিয়ে রাজ্যকে দু' সপ্তাহের মধ্যে হলফনামা জমা দেবার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। কত দিনের মধ্যে এই বিজ্ঞপ্তি জারি করা হবে তা হলফনামায় উল্লেখ করতে বলেছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ। ছাত্র সংসদের নির্বাচন বছর দশেক ধরে করা হচ্ছে না কেন সেই প্রশ্ন তুলে হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছিলেন আইনজীবী সায়ন বন্দ্যোপাধ্যায়। সেই মামলাতেই এই নির্দেশ দিয়েছেন ডিভিশন বেঞ্চ।

**********************

স্পটলাইট আলোচনার এবারের বিষয় BRICS । অংশ নিয়েছেন প্রফেসর অনিক চ্যাটার্জী। তাঁর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ এর সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে শুনবেন প্রথম পর্ব। দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আগামী রবিবার।

**********************

নতুন দিল্লিতে ২০২৪-২৫ সালের স্বচ্ছ সর্বেক্ষণ পুরস্কার আজ প্রাপকদের হাতে তুলে দিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এই রাজ্যের 'সম্ভাবনাময় স্বচ্ছ শহর' হিসেবে সম্মান পেয়েছে হুগলির বৈদ্যবাটি।

পুরসভার চেয়ারম্যান পিন্টু মাহাতো ওই অনুষ্ঠানে উপস্থিত থেকে পুরস্কার গ্রহণ করেন। আকাশবাণীকে তিনি বলেন, এই পুরস্কার শুধু তাঁর নয়, কাঁধে কাঁধ মিলিয়ে যারা কাজ করেন এবং তার এলাকার বাসিন্দা প্রত্যেকেরই।

( বাইট- পিন্টু মাহাতো )

**********************

সমাজের পিছিয়ে পড়া শ্রেণীর মানুষদের জন্য বাজারের থেকে কম দামে দুটি নতুন আবাসন ভবনের আজ উদ্বোধন হয়েছে। নিউটাউনে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, 'নিজন্ন' ও 'সুজন্ন' নামে দুটি ভবনের পাশাপাশি একটি মাল্টি লেবেল কার পার্কিং ব্যবস্থা ও শিশুদের পার্কের উদ্বোধন করেন। লটারির মাধ্যমে কম দামে এখানে ফ্ল্যাট পাওয়া যাবে। এদিনের অনুষ্ঠান থেকে মুখ্যমন্ত্রী ফের একবার আবাস প্রকল্পে কেন্দ্রের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ করেন।

**********************

রাজ্যে দীর্ঘমেয়াদি নিরাপদ ও পরিশ্রুত পানীয় জলের সরবরাহ সুনিশ্চিত করতে আরও ১০ কোটি ডলার বা প্রায় ৮৬০ কোটি টাকা ঋণ মঞ্জুর করেছে এশীয় উন্নয়ন ব্যাঙ্ক এডিবি। এই প্রকল্পের আওতায় উত্তর ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর এবং বাঁকুড়া জেলার ১৬ লক্ষের বেশি মানুষ উপকৃত হবেন।

**********************

রাজ্যে মৌসুমী অক্ষরেখা পুরুলিয়া ও দীঘা হয়ে উত্তর-পূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। আগামীকাল পর্যন্ত দক্ষিণবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের প্রতিটা জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আগামী রবিবার থেকে উত্তরবঙ্গে বাড়তে পারে বৃষ্টির পরিমাণ।

**********************

১৩৪ তম ডুরান্ড কাপ ফুটবলের সূচনা হচ্ছে আগামী ২৩ শে জুলাই I উদ্বোধন করবেন মূখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। যুবভারতী ক্রীড়াঙ্গনে উদ্বোধনী ম্যাচে ইস্টবেঙ্গল, সাউথ ইউনাইটেড এফ সি-র বিরুদ্ধে খেলবে।

পূর্বাঞ্চলীয় সেনা প্রধান লেফট্যানেন্ট জেনারেল মোহিত মালহোত্রা বলেন, মোহনবাগান, ইস্টবেঙ্গল, মহামেডান স্পোর্টিং, ডায়মন্ড হারবার এফসি সহ মোট ২৪ টি দল এবারের ডুরান্ড কাপে খেলবে।

****************************************************************************